



অধ্যক্ষের কার্যালয়

গণবিদ্যাপীঠ কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয়

বারপাড়া, চাপাপুর, আদর্শ সদর, কুমিল্লা।

Website: gbtcbm.edu.bd, email: gbtcbm.comilla@yahoo.com

মোবাইল নং-০১৮৩৪ ৮২৬৪৮৩, ০১৩০৯ ১৩২৩৮৫

প্রতিষ্ঠান কোড : ৬৫০৪৬, EIIN : 132385, MPO Code : B-0810303101



স্মারক নং : গবিকাবাম/জ্যেষ্ঠ প্রভাষক/সনদ যাচাই/২০২৩/৯৮৯

তারিখ : ০৪-০৯-২০২৩ খ্রিঃ

প্রাপক : মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রেরক : অধ্যক্ষ
গণবিদ্যাপীঠ কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয়
বারপাড়া, চাপাপুর, আদর্শ সদর, কুমিল্লা।

বিষয় : গণবিদ্যাপীঠ কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয়-এর জনাব মোঃ আতিকুর রহমান, প্রভাষক (ব্যবস্থাপনা), ইনডেক্স নং-৩০৭৬৬৬৭-এর জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির বেতন প্রদানের বিষয় বিবেচনার জন্য যাচাইকৃত সকল সনদের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ৫৭.০৩.০০০০.০২৮.১১.০০৫.২২-৪৬৭ তারিখ : ২৯/০৩/২০২৩ খ্রিঃ

জনাব,

উপরোল্লিখিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত ২১/০৯/২০২২ খ্রিঃ তারিখে গণবিদ্যাপীঠ কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয়-এর জনাব মোঃ আতিকুর রহমান, প্রভাষক (ব্যবস্থাপনা)-এর জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির অনুকূলে বেতন ভাতাদি প্রদানের জন্য অত্র অধিদপ্তরে আবেদন জমা দেওয়া হয়। যার ডকেট নং-৫০৭, তারিখ : ২১/০৯/২০২২ খ্রিঃ।

উক্ত আবেদনের আলোকে স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০০৫.২২-৪৬৭, তারিখ : ২৯/০৩/২০২৩ খ্রিঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে “বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮” অনুযায়ী এমপিও ভুক্তি ও উচ্চতর স্কেলের (অধ্যক্ষ, জ্যেষ্ঠ প্রভাষক, উচ্চতর স্কেল, বিএড স্কেল ও ডেমোনস্ট্রেটর) একটি অসম্পূর্ণ আবেদনের তালিকা প্রকাশ করা হয়। প্রকাশিত তালিকায় গণবিদ্যাপীঠ কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয়-এর জনাব মোঃ আতিকুর রহমান, প্রভাষক (ব্যবস্থাপনা), ইনডেক্স নং-৩০৭৬৬৬৭-এর জ্যেষ্ঠ প্রভাষক পদের অনুকূলে বেতন ভাতাদি প্রদানের জন্য সনদ যাচাই করা প্রয়োজনের বিষয়টি উল্লেখ রয়েছে। এরই প্রেক্ষিতে, আবেদনকারীর সকল একাডেমিক ও নিবন্ধন সনদের মূলকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাইয়ের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

অতএব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাইকৃত সকল একাডেমিক ও নিবন্ধন সনদের মূলকপি গ্রহণ পূর্বক আবেদনের তারিখ থেকে জনাব মোঃ আতিকুর রহমান, প্রভাষক (ব্যবস্থাপনা), ইনডেক্স নং-৩০৭৬৬৬৭-এর জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির বেতন ভাতাদি প্রদানে আপনার সদয় সহযোগিতা কামনা করছি।



২২৩

০৪.০৯.২০২৩
(মোহাম্মদ এনামুল হক ভূঁইয়া)
অধ্যক্ষ

গণবিদ্যাপীঠ কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয়
বারপাড়া, চাপাপুর, আদর্শ সদর, কুমিল্লা।
মোবাইল : ০১৮৩৪ ৮২৬৪৮৩

সংযুক্তি :

- ১। জনাব মোঃ আতিকুর রহমান-এর নাম ওয়েবসাইটে প্রকাশিত তালিকার কপি।
- ২। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাইকৃত সকল একাডেমিক সনদের মূলকপি।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাইকৃত শিক্ষক নিবন্ধনের মূলকপি।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাইকৃত সকল মূল একাডেমিক সনদের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত অনুলিপি।
- ৫। প্রতিষ্ঠান প্রধানের স্বহস্তে লিখিত ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে প্রত্যয়নপত্র।